

আজ চসিকের উদ্যোগে ১০ দিনব্যাপী বইমেলা উদ্বোধন

চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রাম সিটি কর্পোরেশন অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে ১০ দিনব্যাপী বইমেলাসহ বর্ণাঢ্য অনুষ্ঠানমালার আয়োজন করছে। নগরীর মুসলিম ইনস্টিটিউট চত্বরে আজ শুক্রবার বিকাল ৪টায় জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে বইমেলা উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ মনজুর আলম। এ উপলক্ষে বিকেল সাড়ে তিনটায় একটি বর্ণাঢ্য র্যালিও বের হবে। এছাড়াও আজ (১৩ ফেব্রুয়ারি) থেকে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠানমালায় আলোচনা সভা, স্কুল ও কলেজের শিক্ষার্থীদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশু-কিশোরদের নৃত্যানুষ্ঠান, কবিগানের আসর, কবি-ছড়াকারদের কবিতা ও ছড়া পাঠ, আবৃত্তি সংগঠন কর্তৃক আবৃত্তি, সাহিত্য পুরস্কার এবং একুশে স্মারক সম্মাননা পদক প্রদানের আয়োজন থাকবে। ১০ দিনব্যাপী এ অনুষ্ঠানমালার মধ্যে আরো থাকছে ১৭ থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে চিত্রাঙ্কন, রচনা, উপস্থিত বক্তৃতা, আবৃত্তি, হামদ-না'ত, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, দেশের গান, লোকসংগীত, সাধারণ ও লোকনৃত্য প্রতিযোগিতা এবং ২১ ফেব্রুয়ারি রাত ১২.০১ মি: কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, বিকেল ৪টায় জাতীয় জীবনে স্ব-স্ব ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য একুশে স্মারক সম্মাননা ও সাহিত্য পুরস্কার প্রদান এবং ২২ ফেব্রুয়ারি বিকেল ৪টায় চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ প্রকাশনা ও মনোনীত শ্রেষ্ঠ স্টলদের পুরস্কার বিতরণ করা হবে।